শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

স্মারক নং- বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০১৭/১৫৮৮ তারিখ: ০১/১২/২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শিক্ষক ও কর্মকর্তা পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নং	পদের নাম ও বেতনক্রম	বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা
১.	অধ্যাপক (৳ ৫৬৫০০-৭৪৪০০)	কীটতত্ত্ব-১, মৃত্তিকা বিজ্ঞান-১
২.	সহযোগী অধ্যাপক (৳ ৫০০০০-৭১২০০)	কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন-১; মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেল্থ-১
৩.	সহকারী অধ্যাপক (৳ ৩৫৫০০-৬৭০১০)	ফসল উদ্ভিদবিদ্যা-১; কৃষিবনায়ন ও পরিবেশ-১; উদ্যানতত্ত্ব-২; ফিশারিজ টেকনোলজি-১; মেডিসিন-১; সার্জারি এন্ড রেডিওলজি-১; কৃষি অর্থসংস্থান ও সমবায়-১; পরিসংখ্যান-১; গ্রামীণ উন্নয়ন-২
৪.	প্রভাষক (৳ ২২০০০-৫৩০৬০)	কীটতত্ত্ব-১, কৃষিবনায়ন ও পরিবেশ-১; কৃষি অর্থসংস্থান ও সমবায়-১
৫.	উপ-পরিচালক (৳ ৪৩০০০-৬৯৮৫০)	পরিকল্পনা ও উন্নয়ন উইং-১

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ৩১/১২/২০২০ বিকাল ৫ ঘটিকা

শিক্ষক ও কর্মকর্তা পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।

০১/১২/২০২০
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

০১/১২/২০২০ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/১৫৮৮ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ); সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৮ (আট) এবং কর্মকর্তা পদের জন্য ৬ (ছয়) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করিতে হইবে।

২. আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) বিএস/সমমান এবং এমএস/সমমানের মেধাক্রমের প্রমাণক যাহাতে মেধাক্রম এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ থাকিতে হইবে (শুধুমাত্র শিক্ষক পদের বেলায় প্রযোজ্য); ৪) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৫) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৬) জাতীয় পরিচয়পত্র; ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ৮) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৯) প্রকাশনা রিপ্রিন্টের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি সত্যায়িত করতঃ এবং স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম অবশ্যই লিখিতে হইবে।

৪. সকল পদের প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময় (৩১/১২/২০২০ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৭. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেওয়া হইবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হইবে।

৮. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।

৯. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১০. “অভিজ্ঞতা” অর্থ কোন সরকারী বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।

১১. শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

নং	পদের নাম ও বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	অধ্যাপক ৳ ৫৬৫০০-৭৪৪০০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকিতে হইবে। <u>অভিজ্ঞতা</u> : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ (বার) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।
২.	সহযোগী অধ্যাপক ৳ ৫০০০০-৭১২০০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হইবে না; ঙ) কোন স্বীকৃত জার্নালে ৭টি প্রকাশনা, তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ৩ টি প্রকাশনা থাকিতে হইবে। <u>অভিজ্ঞতা</u> : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৯ (নয়) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।
৩.	সহকারী অধ্যাপক ৳ ৩৫৫০০-৬৭০১০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে। <u>অভিজ্ঞতা</u> : পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং/অথবা শুধুমাত্র গবেষণায় অভিজ্ঞতার ক্ষেত্রে অন্যূন ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কোন স্বীকৃত জার্নালে ২ (দুই) টি গবেষণা প্রকাশনা।
৪.	প্রভাষক ৳ ২২০০০-৫৩০৬০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; গ) সংশ্লিষ্ট বিষয়ে জিপিএ ৩.৫ অথবা প্রথম শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; ঘ) বয়স অনধিক ৩০ বৎসর।

৫.	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন উইং) ৳ ৪৩০০০-৬৯৮৫০/-	ক) বাণিজ্য/ব্যবসা প্রশাসন/পরিসংখ্যান/অর্থনীতি/সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি; খ) এসএসসি হইতে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতায় যেকোন দুইটিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে; গ) কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; ঘ) কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকিতে হইবে। **অভিজ্ঞতা:** বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত বা সমমানের সংশ্লিষ্ট কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) হিসাবে কমপক্ষে ৯ (নয়) বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৭ম গ্রেড এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমানের কর্মকর্তা পদে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে।

০১/১২/২০২০
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/১৬২৬ তারিখ-০৩/১২/২০২০

নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা পদে জনবল নিয়োগের জন্য গত ০১/১২/২০২০ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০১৭/১৫৮৮ সংখ্যক স্মারকে একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় যাহা বশেমুরকৃবি ওয়েবসাইট bsmrau.edu.bd তে এবং ০২/১২/২০২০ তারিখের "Daily Sun" ও "ভোরের কাগজ" এবং ০৩/১২/২০২০ তারিখের "আমাদের সময়" পত্রিকায় প্রকাশিত হইয়াছে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে ভ্রান্তিবশতঃ "ফিশারিজ টেকনোলজি" বিভাগের "সহকারী অধ্যাপক" এর ১টি পদ উল্লেখ করা হইয়াছে। অতএব, পদটি প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি হইতে বাদ যাইবে।

০৩/১২/২০২০
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার